




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১৯.২১- ৮৭২

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৯
২৯ জুন ২০২২


বিষয়: আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২২ খ্রি: (১৪৪৩ হিজরী) উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-১ শাখা হতে প্রাপ্ত পত্র নং-৭৭২; তারিখ: ২৭/০৬/২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-১ শাখা হতে প্রাপ্ত পত্রের ছায়ািলপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। পত্রে উল্লিখিত মাননীয় প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি জরুরী।

সংযুক্ত: বর্ণনামতে।


(মো: আব্দুর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২।

মেয়র/প্রশাসক/ভারপ্রাপ্ত মেয়র (সকল)

.....পৌরসভা।

অনুলিপি:

- ০১। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ০২। জেলা প্রশাসক (সকল)।
- ০৩। উপসচিব, প্রশাসন-১/পৌর-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।



**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি**

বিষয়ঃ আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২২ খ্রি. (১৪৪৩ হিজরী) উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সূত্রঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২৬/০৬/২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০০১.২৩.০০৪.১৭(অংশ-২)-১০৩ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্র সংখ্যার পরিপ্রেক্ষিতে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২২ খ্রি. (১৪৪৩ হিজরী) উদযাপন উপলক্ষে মাননীয় প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হল। উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

M. M. Rahman

২৭/০৬/২০২২

এ কে এম মিজানুর রহমান

উপসচিব

ফোন- ৫৫১০১১৮১

E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

- ১। উপসচিব (সিটি কর্পোরেশন-১/সিটি কর্পোরেশন-২/জেলা পরিষদ/পৌর-১/পৌর-২/উপজেলা-২/ইউনিয়ন পরিষদ-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ২। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১ শাখা/ইউনিয়ন পরিষদ-১/পাস-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১৯. ২০১৯-৭৭২

তারিখঃ

১৩ আষাঢ় ১৪২৯

২৭ জুন ২০২২



বিষয়	: আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২২ খ্রি. (১৪৪৩ হিজরী) উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।
সভাপতি	: জনাব মো: ফরিদুল হক খান, এম.পি., মাননীয় প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
সময় ও তারিখ	: ১৯.০৬.২০২২ খ্রি. ; বেলা ১১:০০ ঘটিকা।
স্থান	: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-১৫১৫, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয় ঢাকা) ও জুম অ্যাপস।
পরিশিষ্ট 'ক' ও পরিশিষ্ট 'খ'	উপস্থিত ও সংযুক্ত কর্মকর্তাগণের তালিকা।

সভাপতি পবিত্র ঈদ-উল-আযহা, ২০২২ খ্রি. (১৪৪৩ হিজরি) যথাযোগ্য মর্যাদা ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের প্রত্নুতি গ্রহণের জন্য অনুষ্ঠিত অদ্যকার সভায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের সম্মেলন কক্ষে উপস্থিত এবং জুম অ্যাপস এর মাধ্যমে যুক্ত কর্মকর্তাদের স্বাগত জানান। তিনি পবিত্র ঈদ-উল-আযহা যথাযথ ধর্মীয় মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের উপর গুরুত্ব আরোপ করেন এবং ঈদ-উল-আযহা এর জাতীয় কর্মসূচি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) জনাব মো: নায়ের আলী মন্ডল আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা সুচারুরূপে উদযাপনের লক্ষ্যে প্রণীত কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর সভায় কার্যপত্র অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.০	১.১ মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাণী প্রদান।	১.১.১ পবিত্র ঈদ-উল-আযহা/২২ উপলক্ষে প্রতি বছরের ন্যায় মহামান্য রাষ্ট্রপতির বাণী প্রদানের ব্যবস্থা গ্রহণ।	রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ/আপন বিভাগ)/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/পিআইডি
	১.২ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণী প্রদান।	১.২.১ পবিত্র ঈদ-উল-আযহা/২২ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রদানের ব্যবস্থা গ্রহণ।	প্রধানমন্ত্রীর কার্যালয়/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/পিআইডি/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
২.০	বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক সরকারি কর্মসূচির আলোকে ঈদ-উল-আযহা/২২ উদযাপন	২.১.১ বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক যথাযোগ্য মর্যাদার সঙ্গে সরকারি কর্মসূচির আলোকে ঈদ-উল-আযহা উপযাপনের ব্যবস্থা গ্রহণ। ২.২.১ মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণীসমূহ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বিদেশে প্রচারের ব্যবস্থা গ্রহণ।	পররাষ্ট্র মন্ত্রণালয়
৩.০	মুসলিম দেশের কূটনীতিকদের দাওয়াত প্রদান।	পবিত্র ঈদ-উল-আযহা/২২ উপলক্ষে জাতীয় ঈদগাহে ঈদের জামাতে মুসলিম দেশের কূটনীতিকদের দাওয়াত প্রদানের ব্যবস্থা গ্রহণ।	পররাষ্ট্র মন্ত্রণালয়
৪.০	ঈদ-উল-আযহা এর জামাত অনুষ্ঠানের বিজ্ঞপ্তি বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সংবাদপত্রসহ বিভিন্ন প্রচার মাধ্যমে বহল প্রচার এবং জাতীয় ঈদগাহ-এর দক্ষিণ দিকে মহিলাদের জন্য আলাদা প্রবেশ পথসহ আলাদা আসন ব্যবস্থা রাখার বিষয়টিও বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সংবাদপত্রসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচার।	ঈদ-উল-আযহা/২২ এর জামাত অনুষ্ঠানের বিজ্ঞপ্তি বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সংবাদপত্রসহ বিভিন্ন প্রচার মাধ্যমে বহল প্রচার এবং জাতীয় ঈদগাহ-এর দক্ষিণ দিকে মহিলাদের জন্য আলাদা প্রবেশ পথসহ আলাদা আসন ব্যবস্থা রাখার বিষয়টিও বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সংবাদপত্রসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচার।	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ টেলিভিশন/ পিআইডি।

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৫.০	ক) জাতীয় ঈদগাহে প্রধান জামাতের জন্য ইমাম, উপস্থাপক ও স্বাক্ষরী মনোনয়ন।	জাতীয় ঈদগাহে প্রধান ঈদ জামাতের ইমাম মনোনয়নের জন্য ইসলামিক ফাউন্ডেশন হতে বিশিষ্ট ৩ জন আলেম, পবিত্র কুরআন তেলাওয়াতের জন্য ৩ জন বিশিষ্ট স্বাক্ষরী ও ঈদের জামাত অনুষ্ঠান পরিচালনার জন্য ৩ জন উপস্থাপকের তালিকা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ। উক্ত তালিকা হতে একজন ইমাম ও একজন বিকল্প ইমাম, একজন স্বাক্ষরী ও একজন বিকল্প স্বাক্ষরী এবং একজন উপস্থাপক ও একজন বিকল্প উপস্থাপক ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনয়ন প্রদানের ব্যবস্থা গ্রহণ।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন।
	খ) আলেম, স্বাক্ষরী ও উপস্থাপককে সম্মানী প্রদান।	পবিত্র ঈদ-উল-আযহা, ২০২২ খ্রি. উদযাপন উপলক্ষে মনোনীত ২ জন আলেম, পবিত্র কুরআন তেলাওয়াতের জন্য ২ জন বিশিষ্ট স্বাক্ষরী ও ঈদের জামাত অনুষ্ঠান পরিচালনার জন্য ২ জন উপস্থাপকের সম্মানী বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) মঞ্জুরি প্রদানের ব্যবস্থা গ্রহণ।	
৬.০	ঈদ-উল-আযহা এর পূর্বে জাতীয় ঈদগাহ ময়দানের মাঠ প্রস্তুতকরণ।	ক) ঈদের জামাত যাতে বৃষ্টি বিঘ্নিত না হয় সে জন্য জাতীয় ঈদগাহ মাঠ সমতলকরণ, ঘাস কর্তন এবং আবর্জনা পরিষ্কারকরণসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা। (খ) জাতীয় ঈদগাহ ময়দানে সম্পূর্ণ মাঠ জুড়ে ত্রিপলের ব্যবস্থা করা। (গ) আকাশ মেঘলা থাকলে লাইটিং এর ব্যবস্থা করতে হবে। (ঘ) অতিরিক্ত বৃষ্টি হলে পানি সরানোর জন্য গণপূর্ত বিভাগের পাশাপাশি ওয়াসা কর্তৃক পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঙ) ওয়াসা প্রয়োজনে ফায়ার সার্ভিসের সাথে যোগাযোগপূর্বক পানি নিষ্কাশনের জন্য যৌথ প্রস্তুতি গ্রহণ করবে। পানি নিষ্কাশনের প্লাটফর্ম তৈরী করার জন্য ফায়ার সার্ভিস ও গণপূর্ত অধিদপ্তর আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবে। (চ) ঈদের দিন জাতীয় ঈদগাহ ময়দানে বিশেষ মেডিকেল টিম রাখার ব্যবস্থা গ্রহণ। (ছ) ঈদগাহ মাঠে আগত মুসল্লিদের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ।	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ গণপূর্ত অধিদপ্তর/ ঢাকা ওয়াসা/ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সিভিল সার্জন ঢাকা/ ডিএমপি/ এসএসএফ/সিটি স্পেশাল ব্রাঞ্চ/ রেজিস্ট্রার জেনারেল কার্যালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট/বাংলাদেশ স্কাউটস/ ডিপিডিসি/পিডিবি।
৭.০	৭.১ ঈদ-উল-আযহা/২২ এর প্রধান জামাতের সময় নির্ধারণ ও আবহাওয়া প্রতিকূল হলে অন্যত্র জামাতের আয়োজন করা।	ক) আবহাওয়া অনুকূলে থাকলে জাতীয় ঈদগাহ, হাইকোর্ট প্রাঙ্গণ, ঢাকাতে সকাল ৮.০০ ঘটিকায় ঈদ-উল-আযহা এর প্রধান জামাতের আয়োজন করা এবং আবহাওয়া প্রতিকূল হলে প্রধান জামাত সকাল ৯.০০ ঘটিকায় বায়তুল মোকাররম মসজিদে আয়োজনের ব্যবস্থা গ্রহণ। খ) আবহাওয়া দুর্যোগপূর্ণ হলে প্রধান ঈদের জামাত বায়তুল মোকাররমে স্থানান্তরের তাৎক্ষণিক সিদ্ধান্ত প্রদানের জন্য বিভাগীয় কমিশনার, ঢাকাকে আহ্বায়ক করে মন্ত্রিপরিষদ বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, এস এস এফ, ডিএমপি কমিশনার, আবহাওয়া অধিদপ্তর, স্পারসো, ও তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি সমন্বয়ে একটি কমিটি গঠন করা। কমিটি প্রধান জামাতের পূর্বে যে কোন সময়ে দুর্যোগপূর্ণ আবহাওয়ার জন্য বায়তুল মোকাররমে ঈদের জামাত স্থানান্তর করার ব্যবস্থা গ্রহণ। গ) মহিলাদের ঈদের নামাজ আদায়ের জন্য আলাদা ব্যবস্থা নেয়া। বিদেশী রাষ্ট্রদূত/কূটনীতিক এবং তাদের পত্নীদের নামাজ আদায়ের জন্য পূর্ব থেকেই জায়গা সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ।	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, কমিশনার, ঢাকা বিভাগ; ইসলামিক ফাউন্ডেশন, এস এস এফ, কমিশনার, ডিএমপি; আবহাওয়া অধিদপ্তর, স্পারসো মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি ও তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও পররাষ্ট্র মন্ত্রণালয়।
৮.০	ঢাকা শহরের প্রধান প্রধান মসজিদ ও ঈদগাহে ঈদের নামাজ এবং বৃহত্তর জেলাসমূহের প্রধান জামাতের সময়সূচি সংগ্রহ করে ইসলামিক ফাউন্ডেশন/জেলা প্রশাসন ঈদের দিনের পূর্বেই বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনসহ সকল বেসরকারি চ্যানেলগুলোকে অবহিত করা। বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন ও পিআইডি কর্তৃক উহা প্রচারের ব্যবস্থা গ্রহণ করা। এ ছাড়া ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রধান	ঢাকা শহরের প্রধান প্রধান মসজিদ ও ঈদগাহে ঈদের নামাজ এবং বৃহত্তর জেলাসমূহের প্রধান জামাতের সময়সূচি সংগ্রহ করে ইসলামিক ফাউন্ডেশন/জেলা প্রশাসন ঈদের দিনের পূর্বেই বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনসহ সকল বেসরকারি চ্যানেলগুলোকে অবহিত করা। বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন ও পিআইডি কর্তৃক উহা প্রচারের ব্যবস্থা গ্রহণ করা। এ ছাড়া ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রধান	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ ইসলামিক ফাউন্ডেশন/ বাংলাদেশ বেতার/

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	বাংলাদেশ টেলিভিশন/বেসরকারি প্রচার মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা।	প্রধান জামাতের সময়সূচি সংক্রান্ত ছোট পুস্তিকা/লিফলেট প্রচারের ব্যবস্থা করা। জাতীয় ঈদগাহে অনুষ্ঠিত জামাত টেলিভিশনসমূহে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করা। এ বিষয়ে যথাসময়ে একটি প্রেস রিলিজ জারির ব্যবস্থা গ্রহণ করা।	বাংলাদেশ টেলিভিশন/পিআইডি
৯.০	ঈদের মাঠে অভ্যর্থনা জ্ঞাপন।	(ক) মহামান্য রাষ্ট্রপতি, প্রধান বিচারপতি, মন্ত্রিপরিষদের মাননীয় সদস্যবৃন্দ, মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টাবৃন্দ, বিদেশী কূটনীতিক, উর্দুতন সামরিক ও বেসামরিক কর্মকর্তাসহ বিশিষ্টজনের অভ্যর্থনা জানানোর ব্যবস্থা গ্রহণ করা। (খ) অভ্যর্থনা জ্ঞাপনে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, ঢাকা, মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ডিএমপি কমিশনার, পররাষ্ট্র মন্ত্রণালয়, জেলা প্রশাসক, ঢাকা, ডেপুটি কমিশনার, রমনা এর কার্যালয়ের প্রধান/প্রতিনিধি উপস্থিত নিশ্চিত করণ।	মেয়র ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, সচিব ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার ঢাকা, কমিশনার ডিএমপি, মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন, পররাষ্ট্র মন্ত্রণালয়ের উপযুক্ত প্রতিনিধি, রেজিস্ট্রার জেনারেল বাংলাদেশ সুপ্রিম কোর্ট, জেলা প্রশাসক ঢাকা।
১০.০	জাতীয় ঈদগাহ, ঢাকায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠানে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-কে অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক সহায়তা প্রদান।	জাতীয় ঈদগাহ, হাইকোর্ট প্রাঙ্গণ, ঢাকায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠানে নিয়োক্ত বিষয়ে পার্শ্ব উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে সহায়তা প্রদান করবে: ১০.১. প্রয়োজনীয় সংখ্যক মাইক সরবরাহ করা এবং জাতীয় ঈদগাহের বাহিরেও মৎস্য ভবন পর্যন্ত মাইকের ব্যবস্থা রাখা। বিদ্যুৎ ব্যবস্থা বিদ্যুৎ হলে যাতে নামাজের অসুবিধা না হয় সেজন্য পর্যাপ্ত সংখ্যক জেনারেটর এর ব্যবস্থা গ্রহণ। ১০.২ নিরাপত্তা ও আইন শৃঙ্খলা নিশ্চিত করা এবং সে লক্ষ্যে আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি বাংলাদেশ স্কাউটদের নিয়োজিত করা। ১০.৩ আগত মুসল্লিদের গাড়ী পার্কিং-এর যথাযথ ব্যবস্থাপনা নিশ্চিত করা। ১০.৪ ঈদগাহ মাঠের জন নির্গমনের রাস্তা সহজ গমনযোগ্য রাখার জন্য নির্গমনের গেট/রাস্তা ভিক্ষুকমুক্ত রাখার ব্যবস্থা গ্রহণ করা। ১০.৫ অগ্নি নির্বাপন ব্যবস্থা প্রস্তুত রাখা। ১০.৬ বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা। ১০.৭ পর্যাপ্ত ওজুর পানি ও পাত্র সরবরাহ করা। ১০.৮ আগত মুসল্লিগণের অজুর ব্যবস্থা করা। অজুর স্থানসমূহ পূর্ব থেকেই খোলা রাখা এবং হাইকোর্ট মাজারের কর্মচারীগণকে উপস্থিত রাখার ব্যবস্থা গ্রহণ করা।	গণযোগাযোগ অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ জননিরাপত্তা বিভাগ/ পুলিশ সদর দপ্তর/ ঢাকা মেট্রোপলিটন পুলিশ/ বাংলাদেশ স্কাউটস। ঢাকা মেট্রোপলিটন পুলিশ, বাংলাদেশ স্কাউটস। ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ট্রাফিক বিভাগ (দক্ষিণ), ডিএমপি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ, পিডিবি ঢাকা ওয়াসা ১। ঢাকা ওয়াসা ২। গণপূর্ত অধিদপ্তর ৩। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ৪। মুতাওয়াল্লী, হাইকোর্ট মাজার কমিটি ৫। ইমাম হাইকোর্ট মাজার মসজিদ।

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		১০.৯ নামাজের চাদর, জায়নামাজ ইত্যাদির বন্দোবস্ত করণ।	ডি. এম. পি রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
		১০.১০ ঈদগাহ ময়দানে জন্মুরি টেলিফোন সংযোগপূর্বক ঈদের নামাজের নির্ধারিত সময়ের পূর্বেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা টেলিফোনের অবস্থান এবং টেলিফোন নম্বর সংশ্লিষ্ট সকলকে অবহিত করার ব্যবস্থা।	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, ঢাকা।
		১০.১১ কেউ হারিয়ে গেলে তাকে অনুসন্ধানের জন্য অনুসন্ধান কেন্দ্র স্থাপন করা এবং মাইকে ঘোষণা দেয়ার ব্যবস্থা রাখা। অনুসন্ধান কেন্দ্র, গাড়ীর প্রবেশ ও প্রস্থান এবং পার্কিং সংক্রান্ত নির্দেশনা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা।	ডিএমপি
		১০.১২ ঈদের জামায়াত শেষে মুসল্লিগণের সহজে মাঠ হতে বহির্গমনের জন্য সুপ্রিম কোর্টের সাথে আলোচনা করে ঈদগাহের পূর্ব দিকে আরো ২টি নতুন বহির্গমন পথ স্থাপন করা।	গণপূর্ত অধিদপ্তর
		১০.১৩ আগত মুসল্লিগণের হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার, মাস্ক পরিধান এবং স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক ঈদগাহ ময়দানে প্রবেশ নিশ্চিত করা।	স্বাস্থ্য সেবা বিভাগ সুরক্ষা সেবা বিভাগ
১১	ঈদের অন্যান্য অনুষ্ঠান (জাতীয় পতাকা উত্তোলন, সড়ক সজ্জিত করা ও আলোকসজ্জা করা)।	১১.১ জাতীয় পতাকা উত্তোলন: অতীতের ন্যায় সরকারি ভবনসমূহের জন্য গণপূর্ত অধিদপ্তর ও বেসরকারি ভবনের জন্য নিজ নিজ মালিক ও ব্যবস্থাপকগণ জাতীয় পতাকা উত্তোলনের ব্যবস্থা করা। এ বিষয়ে সংশ্লিষ্টরা যাতে অবহিত থাকেন সেজন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং জাতীয় দৈনিক পত্রিকাসমূহে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা। সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসককে এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশনা প্রদান করা।	মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন
		১১.২ সড়ক সজ্জা: জাতীয় পতাকা ও "ঈদ মোবারক" (বাংলা ও আরবীতে) খচিত ব্যানার দ্বারা বনানী ঢাকা গেইট হতে বঙ্গভবন পর্যন্ত প্রধান প্রধান সড়ক এবং সড়ক দ্বীপ (আইল্যান্ডসমূহ) সজ্জিত করা। রাস্তাগুলো হলো: হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমান বন্দর হতে সড়কদ্বীপসহ বনানীর ঢাকা গেইট, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, ছাত্র-শিক্ষক কেন্দ্র, কার্জন হল, আব্দুল গণি রোড, বঙ্গবন্ধু এভিনিউ, ডি আই টি এভিনিউ, নর্থ-সাইথ রোড এবং বঙ্গভবন হয়ে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট, ঢাকা ক্লাব, তোপখানা রোড, দৈনিক বাংলা মোড় হয়ে বঙ্গভবন পর্যন্ত। জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের চারিপার্শ্বের রাস্তাসমূহ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখের রাস্তা ও প্রধানমন্ত্রীর সরকারি বাস ভবনের সম্মুখের রাস্তাসমূহ।	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
		১১.৩ আলোক সজ্জা: ঈদের দিবাগত রাত্রিতে নির্দিষ্ট সরকারি ভবনসমূহে যথা-বঙ্গভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন, বাংলাদেশ সচিবালয় ভবন, সুপ্রিম কোর্ট ভবন, পররাষ্ট্র মন্ত্রণালয়, ওসমানী মিলনায়তন আলোকসজ্জার ব্যবস্থা করা। বায়তুল মোকাররম মসজিদকেও ব্যাপকভাবে আলোকসজ্জা করা। আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ নিজস্ব বাজেট হতে উক্ত কাজের ব্যয় নির্বাহ করবে।	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর, ইসলামিক ফাউন্ডেশন
		১১.৪ তিন বাহিনীর সদর দপ্তর এবং সামরিক গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ স্ব-স্ব	সশস্ত্র বাহিনী বিভাগ,

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		ব্যবস্থাপনায় আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণ করা।	প্রতিরক্ষা মন্ত্রণালয়।
১২	ঈদের দিন বিশেষ অনুষ্ঠান প্রচার	বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনসহ সরকারি-বেসরকারি প্রচার মাধ্যমে ব্যাপক প্রচার এবং ঈদের দিন বিশেষ অনুষ্ঠান প্রচার এবং সংবাদপত্রসমূহে বিশেষ সংখ্যা প্রকাশের ব্যবস্থা গ্রহণ। ঈদের বিশেষ অনুষ্ঠানসমূহে অন্যান্য প্রোগ্রামের পাশাপাশি সর্বসাধারণের বিনোদনের জন্য নতুন আঙ্গিকে উন্নত মানের প্রোগ্রাম তৈরি করে বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনসহ সরকারি-বেসরকারি সকল প্রচার মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ।	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, ইসলামিক ফাউন্ডেশন
১৩	দেশের বিভিন্ন হাসপাতাল, কারাগার ও সরকারি শিশু সদনে ঈদের দিন উন্নতমানের খাবার পরিবেশন ও ঈদের গুরুত্ব সম্পর্কে ঈদের পূর্বেই সেমিনার/ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা	১৩.১ দেশের বিভিন্ন হাসপাতাল, কারাগার, শিশু সদন, ছোটমনি নিবাস, সামাজিক প্রতিবন্ধী কেন্দ্র, শিশু বিকাশ কেন্দ্র, আশ্রয় কেন্দ্র, সেফ হোমস, ভবঘুরে কল্যাণ কেন্দ্র ও দুঃস্থ কল্যাণ কেন্দ্রে ঈদের দিন উন্নতমানের খাবার পরিবেশনের ব্যবস্থা গ্রহণ করা।	সুরক্ষা সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং কারা অধিদপ্তর
		১৩.২ ঈদ-উল-আযহা/২২ এর গুরুত্ব সম্পর্কে ঈদের পূর্বেই সেমিনার/ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা। সম্ভব হলে রেডিও টিভিতে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা এবং বায়তুল মুকাররম মসজিদে ঈদ-উল-আযহা উপলক্ষে যে আলোচনা অনুষ্ঠান হয় তা সরাসরি অথবা অংশ বিশেষ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে সম্প্রচারের ব্যবস্থা করা। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের পক্ষ থেকে বেসরকারি টিভি চ্যানেলগুলোকে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা।	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, ইসলামিক ফাউন্ডেশন
১৪	ঈদের দিন ও ঈদের পর বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা।	১৪.১ মহানগরীর বিভিন্ন স্থানে রাষ্ট্রীয় নীতির সাথে সংগতিপূর্ণ ডকুমেন্টারি ফিল্ম/চলচ্চিত্র প্রদর্শন। ডকুমেন্টারি ফিল্ম তৈরির ক্ষেত্রে অন্যান্য মুসলিম দেশের ধর্মীয় অনুষ্ঠানাদি, রীতি ও রেওয়াজকে গুরুত্ব দিয়ে নতুন আঙ্গিকে নতুন ধারার অনুষ্ঠানমালা তৈরি করে সম্প্রচার করা।	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
		১৪.২ ঈদের দিন সুবিধা বঞ্চিত শিশুদের বিনা টিকেটে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-এর আওতাধীন সকল শিশু পার্কে প্রবেশ এবং বিনোদনের ব্যবস্থা গ্রহণ।	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
		১৪.৩ ঈদের দিন সুবিধা বঞ্চিত শিশুদের বিনা টিকেটে ঢাকা যাদুঘর, আহসান মঞ্জিল, লালবাগের কেব্লা ইত্যাদি দর্শনীয় স্থানে প্রবেশ এবং তা প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় যাদুঘর কর্তৃপক্ষ
		১৪.৪ নিজস্ব উদ্যোগে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা এবং নতুন আঙ্গিকে উন্নতমানের নিজস্ব প্রোগ্রাম তৈরি করে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
		১৪.৫ মহানগরীতে প্রীতি ফুটবল ম্যাচ ও অন্যান্য স্পোর্টস আয়োজন করা।	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ক্রীড়া পরিদপ্তর
		১৪.৬ বাংলাদেশ শিশু একাডেমিতে শিশুদের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন করা। এ বাবদ বাংলাদেশ শিশু একাডেমির অনুকূলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমি

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৫	কুরবানী পরবর্তী পশুর বর্জ্য অপসারণ	ঈদ-উল আযহা উপলক্ষে কুরবানীকৃত পশুর রক্ত/বর্জ্য দ্বারা যাতে ঢাকা মহানগরসহ সারাদেশে পরিবেশ বিপর্যয় না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা প্রদান।	১. মন্ত্রিপরিষদ বিভাগ ২. স্থানীয় সরকার বিভাগ ৩. পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ৪. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ৫. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ৬. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ৭. ইসলামিক ফাউন্ডেশন
১৬	অন্যান্য	১৫.১ বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারগণ ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রধানগণ কর্তৃক জাতীয় কর্মসূচীর আলোকে নিজ নিজ কর্মসূচি প্রণয়ন পূর্বক ঈদ-উল-আযহা/ ২০২২ উদযাপন এর ব্যবস্থা গ্রহণ। সম্ভব হলে আসন্ন ঈদের কর্মসূচিতে জেলা পর্যায়ে কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ শিশু একাডেমি ও জেলা প্রশাসনের সম্মিলিত উদ্যোগে শিশুদের জন্য নতুন আঞ্জিকে উন্নত প্রোগ্রাম এর ব্যবস্থা করা।	মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ শিশু একাডেমি।

০৩। মাননীয় প্রতিমন্ত্রী অংশগ্রহণকারী সবাইকে সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করার জন্য এবং গঠনমূলক মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানান। তিনি উল্লেখ করেন বেশ কয়েকটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা সভায় প্রতিনিধিত্ব করেননি যাদের ভূমিকা সুষ্ঠুভাবে ঈদুল আযহা উদযাপনে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এসব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থায় ঠিকমত সভার নোটিশ জারী করা হয়েছে কিনা এবং নোটিশ পেলে কেন তাদের প্রতিনিধিত্ব নেই তা খতিয়ে দেখতে তিনি নির্দেশনা প্রদান করেন। তিনি কোভিডের সংক্রমণ বৃদ্ধির বিষয়ে সবাইকে সতর্ক থাকার এবং স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে ঈদ উদযাপনে সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ জানান। পবিত্র ঈদুল আযহা ছাড়াও আগামী ২৫ জুন তারিখে এ দেশের মানুষের শত বছরের স্বপ্ন পদ্মা সেতু উদ্বোধনে যাতে কোন বিঘ্ন না ঘটে সে বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে সচেতন থাকতে অনুরোধ জানান। তিনি উল্লেখ করেন বঙ্গবন্ধু এদেশ স্বাধীন করেছিলেন এ জন্যেই তার স্বপ্ন তারই সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনার মাধ্যমে বাস্তবায়ন সম্ভব হচ্ছে। উন্নয়নের এই অগ্রযাত্রা অব্যাহত রাখার জন্য সবাইকে আন্তরিকতা ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে কাজ করতে তিনি আহ্বান জানান। পরিশেষে আজকের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য কামনা করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ ও ঈদের অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত-২১/০৬/২০২২

(মো: ফরিদুল হক খান, এম.পি.)

মাননীয় প্রতিমন্ত্রী

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।


নম্বর- ১৬.০০.০০০০.০০১.২৩.০০৪.১৭ (অংশ-২)/ ১০৬

তারিখ: ১২ আষাঢ় ১৪২৯
২৬ জুন, ২০২২

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৭. মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা।
৮. মহামান্য রাষ্ট্রপতির সচিব, জন বিভাগ/আপন বিভাগ, বঙ্গভবন, ঢাকা।
৯. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), মালিবাগ, ঢাকা।
১৯. বিভাগীয় কমিশনার, ঢাকা।
২০. কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
২১. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
২২. মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, ঢাকা।
২৩. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
২৪. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
২৫. মহাপরিচালক, বাংলা একাডেমী।
২৬. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২৭. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
২৮. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
২৯. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।
৩০. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কো: লি., বিদ্যুৎ ভবন, ঢাকা।
৩১. ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল।
৩২. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
৩৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিণ), ঢাকা।
৩৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর), ঢাকা।
৩৫. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬. অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭. ওয়াকফ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৩৮. খতিব, বায়তুল মোকাররম জাতীয় মসজিদ, ঢাকা।
৩৯. জেলা প্রশাসক, ঢাকা।
৪০. উপ-সচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৪১. পরিচালক, বেসামরিক ও সামরিক সংযোগ পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৪২. পরিচালক, আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪৩. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৪৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১, সেগুনবাগিচা, ঢাকা।
৪৫. পরিচালক (দ্বিনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ), ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
৪৬. ইমাম, হাইকোর্ট মাজার মসজিদ, ঢাকা।
৪৭. মোতাওয়াল্লী, হাইকোর্ট মাজার মসজিদ, ঢাকা।
৪৮. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪৯. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫০. সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫১. প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা, প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তার কার্যালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫২. সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৩. হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৪. অতিরিক্ত সচিব (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫৫. যুগ্ম-সচিব (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫৬. অফিস কপি।


 ২৭.০৬.২০২২
 (মহঃ আব্দুর রশিদ মোল্লাহ)
 সহকারী সচিব